



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর, চট্টগ্রাম-৪১০০

বাংলাদেশ।

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

পরিচালক(প্রশাসন), চবক এর দপ্তরাদেশ নামা নং-৪৪/২০২০খ্রিঃ

তারিখ, চট্টগ্রাম- ২০/০৫/২০২০খ্রিঃ

কোভিড-১৯ পরিস্থিতিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অপারেশনাল কার্যক্রম অবিলম্বিত রেখে তথা দেশের আমদানী রপ্তানী কার্যক্রম দেশে অর্থনীতি সচল রাখার স্বার্থে চবক বোর্ডের ১০/০৫/২০২০ তারিখের ১৮১০৮ নং সিদ্ধান্ত নিম্নরূপঃ-

চবক বোর্ডের ১০/০৫/২০২০ তারিখের সিদ্ধান্ত নং-১৮১০৮।

- (১) বন্দরের প্রত্যেক বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ মহাপরিচালক স্বাস্থ্য সেবা অধিদপ্তরের নির্দেশনা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার অনুসরণ করে সতর্কতার সাথে তাদের দায়িত্ব পালন করবেন।
  - (২) প্রত্যেক বিভাগের কর্মপরিবেশ উন্নত করার ব্যাপারে স্ব স্ব বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
  - (৩) যে সকল পয়েন্টে অধিক সংখ্যক কর্মকর্তা/কর্মচারী একই সাথে কাজ করে যেমনঃ- বন্দরের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বিভিন্ন শেড, অফিস ইত্যাদির কর্মপরিবেশ উন্নত করণ সহ কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার ব্যাপারে সংশ্লিষ্ট প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
  - (৪) জেটী অভ্যন্তরের বিভিন্ন প্রবেশ ও বাহির গেইট এবং ওয়ান স্টপ সার্ভিস সেন্টার সমূহের প্রয়োজনীয় সংস্কারের পদক্ষেপ গ্রহন করতে হবে। যাতে কর্মকর্তা/কর্মচারীগণ প্রয়োজনীয় স্বাস্থ্য বিধি অনুসরণ করে এবং Social Distancing মেনটেইন করে কাজ করতে পারে।
  - (৫) বন্দরের কর্মচারীদের মধ্যে যদি কাউকে কোয়ারেন্টাইনে থাকতে হয় সেজন্য বন্দরের অব্যাবহৃত ভবন বা অন্য কোন সুবিধাজনক স্থান নির্বাচন করে সরকারী নির্দেশনা অনুযায়ী প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন/আইসোলেশন এরিয়া হিসাবে ব্যবহারের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করে রাখবেন। প্রধান চিকিৎসা কর্মকর্তা এবং প্রধান প্রকৌশলী(সিভিল) এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
  - (৬) বন্দরের কোন করোনা রোগী সন্দেহ হলে বা কোন কর্মচারীকে করোনা টেস্ট করতে চাইলে তাদের সেম্পল কালেকশান এবং তা বিআইটিআইডি/চট্টগ্রাম মেডিকেল কলেজে প্রেরণের ব্যবস্থা গ্রহন করতে হবে। প্রধান চিকিৎসা কর্মকর্তা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
  - (৭) বন্দরে বর্তমানে ড্রাইভারের সংকট থাকায় জরুরী ভিত্তিতে ৩/৪ মাসের জন্য প্রয়োজনীয় সংখ্যক এ্যাম্বুলেন্স ড্রাইভার, আইসোলেশন ইউনিট এর জন্য ওয়ার্ডবয়, পরিছন্নতাকর্মী ইত্যাদি প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী আউট সোর্সিং এর ভিত্তিতে নিয়োগ প্রদান করতে হবে। পরিচালক(প্রশাসন) এ ব্যাপারে একটি কমিটির মাধ্যমে প্রকৃত সংখ্যা নির্ধারণ পূর্বক আউট সোর্সিং পদ্ধতিতে দ্রুত নিয়োগের ব্যবস্থা করবেন।
  - (৮) বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর, শীপ হ্যান্ডলিং অপারেটর, সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন এর শ্রমিক কর্মচারীদের সরকারী স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক তাদের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সংশ্লিষ্ট এসোসিয়েশন সমূহ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
- ২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ কার্যকরী ব্যবস্থা গ্রহন করবেন।

স্বাক্ষরিত/-

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-১৮.০৪.০০০০.১৮১.১৫.০২৩-২০১৪/ ২০৬

তারিখ : ২০/০৫/২০২০খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ২। সকল বিভাগীয় প্রধান/উপ-প্রধান/শাখা প্রধান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বার্থ অপারেটর এসোসিয়েশন, চট্টগ্রাম।
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, শীপ হ্যান্ডলিং অপারেটর, চট্টগ্রাম।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম।
- ৬। পরিচালক, টার্মিনাল অপারেটর, চট্টগ্রাম।
- ৭। চেয়ারম্যান/চবক মহোদয়ের একান্ত সহকারী, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। গার্ড ফাইল/অফিস কপি।